বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 JAN 1989
পৃষ্ঠা ৪ কলাম 6

07

126

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে আজ ধর্মঘট

।। স্টাফ রিপোর্টার ।।

ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে কুষ্টিয়ায় স্থানান্তরের প্রতিবাদে আজ (বুধবার) ইসলামী বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট আহবান করা হয়েছে।

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ কমিটির উদ্যোগে গতকাল একাডেমী ভবন চত্বরে এক সভায় ধর্মঘটের এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় জনাব নাজমুল হক সাঈদী সভাপতিত্ব করেন।

অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১শ' ৬৩ জন ছাত্র গতকাল এক যুক্ত বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের জোর দাবী জানিয়েছেন।

## খুলনা বিশ্ববিদ্যালয় নির্মাণ কাজ শুরুর দাবী

।। খুলনা অফিস ।।

১৭ জানুয়ারী।— খুলনা আইনজীবী সমিতির সভাপতি ও খুলনা বিশ্ববিদ্যালয় আন্দোলন বাস্তবায়ন কমিটির যুগ্ম আহবায়ক জনাব কাজী আব্দুস সালাম এক বিবৃতিতে অচিরেই খুলনা বিশ্ববিদ্যালয় নির্মাণ কাজ শুরু করার জন্য ও ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য সরকারের প্রতি দাবী জানিয়েছেন। বিবৃতিতে তিনি উল্লেখ করেছেন যে, ঘোষিত খুলনা বিশ্ববিদ্যালয়ের কাজ অদ্যাবধি শুরু হয়নি। ইতিপূর্বে কয়েকবার ভিত্তিপ্রস্তর স্থাপনের সম্ভাবনা থাকা সত্ত্বেও এক অজ্ঞাত কারণে বিষয়টি চাপা পড়ে আছে। ফলে এ নিয়ে দীর্ঘসূত্রিতা চলছে। অথচ খুলনাবাসীর বিশ্ববিদ্যালয়ের দাবীটি অন্যতম।